দৈনিক সংবাদ

15

তারিখ 16 JUL 1996
পৃষ্ঠা ৫ কলাম ৫

# শ্রীপুরে ভুল প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ

গাজীপুর, ১৫ই জুলাই (নিজস্ব সংবাদদাতা)।– চলতি এইচএসসি পরীক্ষায় গত ২রা জুলাই অনুষ্ঠিত ইংরেজি ২য় পত্র পরীক্ষাটি সমগ্র বাংলাদেশে 'ক' সেটের প্রশ্নপত্রে অনুষ্ঠিত হলেও জেলার শ্রীপুর–২ কেন্দ্রে (পিয়ার আলী কলেজ) 'খ' সেটের প্রশ্নপত্রে অনুষ্ঠিত হয়েছে। সংশ্লিষ্ট পরীক্ষা গ্রহণকারী ব্যক্তিবর্গের ভুলেই ভুল সেটের প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করা হয়েছে বলে জানা গেছে। এতে উক্ত কেন্দ্রের পরীক্ষার্থীরা দুঃশ্চিন্তাগ্রস্ত হয়ে পড়েছে। এসব পরীক্ষার্থীর ব্যাপারে কি সিদ্ধান্ত নেয়া হবে, তা ভেবে পরীক্ষার্থী এবং অভিভাবকরা উদ্বেগ–উৎকন্ঠা নিয়ে দিন কাটাচ্ছেন।